বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা।

ফোনঃ ০২২২৩৩৮৮৯৪৯,
০২২২৩৩৫৮৬৮১
ই-মেইল dgmpid@krishibank.org.bd

ক্রেডিট বিভাগ

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৩)/প্রক্রেবি-২০(১)/২০২১-২০২২/ ১৭৫৫(১২৫০) তারিখ ঃ ২৯/০৩/২০২২

মহাব্যবস্থাপক
সকল বিভাগীয় কার্যালয়/স্থানীয় মুখ্য কার্যালয়
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক/উপ-মহাব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়/কর্পোরেট শাখাসমূহ
সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয় ঃ** Entrepreneurship Support Fund (ESF) সংক্রান্ত খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক এবং আইসিটি শিল্পখাতে প্রকল্প স্থাপনের নিমিত্তে শর্টলিষ্টভুক্ত প্রকল্পসমূহের মূল্যায়ন প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে ক্রেডিট বিভাগের পত্র নং-২৮৪৯(১২৫০), তারিখঃ ২৯/০৬/২০২১ এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোল্লিখিত পত্র মূলে Entrepreneurship Support Fund (ESF) সংক্রান্ত নীতিমালা-২০১৮ (সংশোধিত) অনুসরনের জন্য অত্র ব্যাংকের মাঠ পর্যায়ে জারীপূর্বক প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়েছে। ঝুঁকিপূর্ণ কিন্তু সম্ভাবনাময় খাদ্য প্রক্রিয়াজাতকরণ ও কৃষিভিত্তিক এবং আইসিটি শিল্প খাতে নতুন নতুন উদ্যোক্তা সৃষ্টি এবং এসব খাতে বিনিয়োগ বৃদ্ধির মাধ্যমে আর্থ-সামাজিক উন্নয়ন তথা দেশের সামগ্রিক অর্থনৈতিক উন্নয়নের লক্ষ্যে মাত্র ২% সরল সুদ হারে বর্ণিত খাতদ্বয়ে স্থাপিতব্য প্রকল্পে ঋণ সহায়তা প্রদানের লক্ষ্যে সরকার Entrepreneurship Support Fund (ESF) নামক এক মহতী উদ্যোগ গ্রহণ করেছে। বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক ২৪/০৬/২০১৯ তারিখে মূল্যায়নকারী ব্যাংক হিসাবে কার্যক্রম পরিচালনার জন্য বাংলাদেশ ব্যাংকের সাব-এজেন্ট আইসিবি এর সাথে চুক্তি সম্পাদন করা হয়েছে। কিন্তু মূল্যায়নকৃত কোন প্রকল্প প্রস্তাবনা অদ্যাবধি আইসিবিতে উপস্থাপন করা সম্ভব হয়নি।

০৩। এমতাবস্থায়, সরকারের মহতী উদ্যোগকে সফলভাবে বাস্তবায়নের লক্ষ্যে জারীকৃত নীতিমালা অনুসরনপূর্বক বিভাগীয় মূল্যায়ন কমিটি কর্তৃক প্রাপ্ত আবেদনসমূহের মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুত করে সুপারিশসহ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে ক্রেডিট বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন অস্পষ্টতা পরিলক্ষিত হলে ক্রেডিট বিভাগের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

27/03/2022

(মোহাম্মদ মঈনুল ইসলাম)
উপমহাব্যবস্থাপক

নং-বিকেবি-প্রকা/ক্রেবি(শাখা-৩)/প্রক্রেবি-২০(১)/২০২১-২০২২/ ১৭৫৫(১২৫০) তারিখঃ ২৯/০৩/২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
০৫। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
০৯। নথি/মহানথি।

27/03/2022

(মুহাম্মদ মোশাররফ হোসন)
সহকারী মহাব্যবস্থাপক